# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## এসএসসি/সমমান পরীক্ষার বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশনা ও নম্বর বিভাজন

**(২০২৭ সালের এসএসসি/সমমান পরীক্ষা থেকে কার্যকর)**

| ক্রম | বিষয় | পূর্ণনম্বর | প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বাংলা প্রথমপত্র | ১০০ | ✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, বর্ণনামূলক প্রশ্নের জন্য ২০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি বর্ণনামূলক প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br><br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ গদ্য থেকে ৪টি, কবিতা থেকে ৪টি করে মোট ৮টি সৃজনশীল প্রশ্ন থাকবে।<br>✓ গদ্য ও কবিতা থেকে কমপক্ষে ২টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br><br>**বর্ণনামূলক প্রশ্ন:**<br>✓ সহপাঠ: উপন্যাস থেকে ২টি এবং নাটক থেকে ২টি করে মোট ৪টি প্রশ্ন থাকবে। উপন্যাস থেকে ১টি এবং নাটক থেকে ১টি করে মোট ২টি প্রশ্নের উত্তর দিতে হবে। [প্রত্যেকটি প্রশ্নের ২টি অংশ থাকবে। ক অংশের জন্য ৩ এবং খ অংশের জন্য ৭ নম্বর বরাদ্দ থাকবে।]<br><br>**বহুনির্বাচনি প্রশ্ন:**<br>✓ গদ্য থেকে ১৫টি এবং কবিতা থেকে ১৫টি করে মোট ৩০টি প্রশ্ন থাকবে।<br>✓ সকল প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**বি.দ্র. ২০২৫ শিক্ষাবর্ষের জন্য নির্ধারিত পাঠ্যসূচি থেকে সৃজনশীল প্রশ্ন, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন ও বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।** | |
| ২. | বাংলা দ্বিতীয় পত্র | ১০০ | নির্মিতি অংশের জন্য ৭০ নম্বর এবং বহুনির্বাচনি অংশের জন্য ৩০ নম্বর বরাদ্দ।<br><br>**নির্মিতি অংশ:**<br>✓ অনুচ্ছেদ রচনা: (২টি থেকে ১টি): ১০ নম্বর<br>✓ চিঠিপত্র/সংবাদ প্রতিবেদন (২টি থেকে ১টি): ১০ নম্বর<br>✓ সারাংশ বা সারমর্ম (২টি থেকে ১টি): ১০ নম্বর<br>✓ ভাব-সম্প্রসারণ (২টি থেকে ১টি): ১০ নম্বর<br>✓ বাংলায় অনুবাদ (২টি থেকে ১টি): ১০ নম্বর<br>✓ প্রবন্ধ রচনা (৩টি থেকে ১টি): ২০ নম্বর<br><br>**বহুনির্বাচনি প্রশ্ন:** (ব্যাকরণ অংশ)<br>✓ ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের নম্বর ১<br>✓ সকল প্রশ্নের উত্তর দিতে হবে। | |

04.02.2025

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩. | গণিত | ১০০ | সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ২০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ 'ক' বিভাগ (বীজগণিত) অংশ থেকে ২টি, 'খ' বিভাগ (জ্যামিতি) অংশ থেকে ২টি, 'গ' বিভাগ (ত্রিকোণমিতি ও পরিমিতি) অংশ থেকে ২টি এবং 'ঘ' বিভাগ (পরিসংখ্যান) অংশ থেকে ২টি করে মোট ৮টি প্রশ্ন থাকবে।<br>✓ প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে প্রশ্নসহ মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন:**<br>১৫টি প্রশ্ন থাকবে, ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**বহুনির্বাচনি প্রশ্ন:**<br>✓ ৩০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে<br>✓ বীজগণিত অংশ থেকে ১২-১৫টি, জ্যামিতি অংশ থেকে ১০-১৩টি, ত্রিকোণমিতি ও পরিমিতি এবং পরিসংখ্যান অংশ থেকে ৫টি প্রশ্ন থাকবে।<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। | | | | | | |
| ৪. | English 1st Paper | 100 | Skills/ Area | Marks | Test Item | | | Item Marks | |
| | | | Part-A: Reading | 70 | 1. | MCQ | Seen Comprehension | 1x7 | 7 |
| | | | | | 2. | Answering questions | | 2x5 | 10 |
| | | | | | 3. | Gap filling | | 1x5 | 5 |
| | | | | | 4. | Information Transfer | Unseen Passage | 1x5 | 5 |
| | | | | | 5. | Writing summary | | 10 | |
| | | | | | 6. | Matching | | 1x5 | 5 |
| | | | | | 7. | Re-arranging sentences | | 1x8 | 8 |
| | | | | | 8. | Answering questions from poems in English For Today (any 5 out of 8) | | 2x5 | 10 |
| | | | | | 9. | Answering questions from stories in English For Today (any 5 out of 8) | | 2x5 | 10 |
| | | | Part-B: Writing | 30 | 10. | Completing stories | | 15 | |
| | | | | | 11. | Writing dialogues | | 15 | |
| | | | | | | | **Total** | **100** | |
| ৫. | English 2nd Paper | 100 | Part-A: Grammar | 60 | 1. | Gap filling with clues | | 1x10 | 10 |
| | | | | | 2. | Substitution table | | 1x5 | 05 |
| | | | | | 3. | Right form of Verbs | | 1x10 | 10 |
| | | | | | 4. | Changing sentences (Affirmative, Negative, Assertive, Interrogative, Exclamatory, Simple, Complex, | | 1x10 | 10 |

04.02.2025

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | Compound) | | |
| | | | | | 5. | Tag questions | 1x5 | 05 |
| | | | | | 6. | Suffixes and Prefixes | 1x5 | 05 |
| | | | | | 7. | Preposition | 1x5 | 05 |
| | | | | | 8. | Connectors/ Linking words | 1x5 | 05 |
| | | | | | 9. | Punctuation and Capitalization | | 05 |
| | | | Part B: Writing | 40 | 1. | Writing paragraph | 10 | |
| | | | | | 2. | Writing- E-mail/letter/application | 10 | |
| | | | | | 3. | Writing short composition | 20 | |
| | | | | | | **Total** | **100** | |
| ৬. | ● বিজ্ঞান<br>● বাংলাদেশ ও বিশ্বপরিচয়<br>● বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>● অর্থনীতি<br>● পৌরনীতি ও নাগরিকতা<br>● ভূগোল ও পরিবেশ<br>● ব্যবসায় উদ্যোগ<br>● ইসলাম শিক্ষা<br>● হিন্দুধর্ম শিক্ষা<br>● বৌদ্ধধর্ম শিক্ষা<br>● খ্রীষ্টধর্ম শিক্ষা | প্রতিটি বিষয়ে ১০০ | ✓ প্রতিটি বিষয়ের সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ২০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের নম্বর ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ প্রতিটি বিষয়ে ৮টি সৃজনশীল প্রশ্ন থাকবে, ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন:**<br>প্রতিটি বিষয়ে ১৫টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন থাকবে, ১০টির উত্তর দিতে হবে।<br>**বহুনির্বাচনি প্রশ্ন**<br>✓ ৩০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। | | | | | |
| ৭. | হিসাববিজ্ঞান | ১০০ | ✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৪০ নম্বর, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ২০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ১০ এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি আর্থিক বিবরণী প্রস্তুতকরণের নম্বর ২০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের নম্বর ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ ৭টি সৃজনশীল প্রশ্ন থাকবে এবং ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ একটি আর্থিক বিবরণী প্রস্তুতকরণের প্রশ্ন থাকবে এবং একটিই উত্তর দিতে হবে<br>✓ সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন ৭টি থাকবে, ৫টি উত্তর দিতে হবে।<br>**বহুনির্বাচনি প্রশ্ন:**<br>✓ ৩০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। | | | | | |
| ৮. | ফিন্যান্স ও ব্যাংকিং | ১০০ | ✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ২০ এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের নম্বর ২ | | | | | |

04.02.2025

| | | | | |
|---|---|---|---|---|
| | | | এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br><br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ ৮টি সৃজনশীল প্রশ্ন থাকবে। ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ ফিন্যান্স অংশ হতে ৫টি এবং ব্যাংকিং অংশ হতে ৩টিসহ মোট ৮টি প্রশ্ন থাকবে।<br>✓ প্রতিটি অংশ থেকে ন্যূনতম ২টি করে প্রশ্নসহ মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন:**<br>✓ ১৫টি প্রশ্ন থাকবে। ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**বহুনির্বাচনি প্রশ্ন:**<br>✓ ৩০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। | |
| ৯. | ● পদার্থবিজ্ঞান<br>● রসায়ন<br>● জীববিজ্ঞান<br>● কৃষিশিক্ষা<br>● গার্হস্থ্যবিজ্ঞান | ১০০ | ✓ প্রতিটি বিষয়ের তত্ত্বীয় অংশের জন্য ৭৫ নম্বর এবং ব্যাবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br><br>**তত্ত্বীয় অংশ:**<br>✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৪০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ১০ এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের নম্বর ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১;<br>✓ ৭টি সৃজনশীল প্রশ্ন থাকবে এবং ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ ৭টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন থাকবে। ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ ২৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে এবং সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br><br>**ব্যাবহারিক অংশ (একটি পরীক্ষণ):**<br>✓ পরীক্ষণ: যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/সঠিক প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/পর্যবেক্ষণ/অঙ্কন/শনাক্তকরণ/অনুশীলন। ১৫ নম্বর<br>✓ ব্যাখ্যাসহ ফলাফল উপস্থাপন: ৫ নম্বর<br>✓ মৌখিক অভীক্ষা: ৫ নম্বর | |
| ১০. | উচ্চতর গণিত | | ✓ তত্ত্বীয় অংশের জন্য ৭৫ নম্বর এবং ব্যাবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br>**তত্ত্বীয় অংশ (সৃজনশীল):**<br>✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৪০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ১০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br>✓ ‘ক’ বিভাগ (বীজগণিত) থেকে ৩টি, ‘খ’ বিভাগ (জ্যামিতি ও ভেক্টর) থেকে ২টি, ‘গ’ বিভাগ (ত্রিকোণমিতি ও সম্ভাবনা) থেকে ২টি করে মোট ৭টি সৃজনশীল প্রশ্ন থাকবে।<br>✓ প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে প্রশ্নসহ মোট ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**তত্ত্বীয় অংশ (সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন):** | |

04.02.2025

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৭টি প্রশ্ন থাকবে, ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>**তত্ত্বীয় অংশ (বহুনির্বাচনি):**<br>✓ বীজগণিত অংশ থেকে ০৮-১২টি, জ্যামিতি ও ভেক্টর অংশ থেকে ০৮-১২টি এবং ত্রিকোণমিতি ও সম্ভাবনা অংশ থেকে ৫টি প্রশ্ন থাকবে।<br>✓ ২৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে এবং সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br><br>**ব্যাবহারিক অংশ:**<br>✓ পরীক্ষণের ৫টি কার্যক্রম থাকবে। ২টি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ১০×২=২০ নম্বর পরীক্ষণ: যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/সঠিক প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/পর্যবেক্ষণ/অঙ্কন/শনাক্তকরণ/<br>✓ অনুশীলন: ২০ নম্বর<br><br>(প্রত্যেক কার্যক্রমে পরিকল্পনা প্রণয়ন: ২ নম্বর: সঠিক প্রক্রিয়া অনুসরণ: ৩ নম্বর: লেখচিত্র অঙ্কন ও উপাত্ত বিশ্লেষণ: ৩ নম্বর। ব্যাখ্যাসহ ফলাফল উপস্থাপন: ২ নম্বর)<br>✓ মৌখিক অভীক্ষা: ৫ নম্বর | |
| ১১. | শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা | ৫০ | ধারাবাহিক মূল্যায়ন<br>(কোর্স ওয়ার্কভিত্তিক মূল্যায়ন):<br>• শ্রেণির কাজ<br>• অনুসন্ধানমূলক/ব্যাবহারিক/কাজ/কাজ/প্রজেক্ট/অ্যাসাইনমেন্ট<br>• শ্রেণি অভীক্ষা | |
| ১২. | চারু ও কারুকলা | ১০০ | **তত্ত্বীয় (৭৫ নম্বর)**<br>১। বিষয়ভিত্তিক/বর্ণনামূলক ছবি অঙ্কন: ২টি প্রশ্ন থেকে ১টি উত্তর দিতে হবে। ১৫× ১ = ১৫<br>(নির্দেশনা : ড্রইংয়ের জন্য ৮ ও রং লেপনের জন্য ৭ নম্বর)<br>২। রেখাচিত্র: ২টি প্রশ্ন থেকে ১টি উত্তর দিতে হবে। ১০ × ১ = ১০<br>৩। মাপ অনুযায়ী নকশা এঁকে রং করা (সাদা-কালো)<br>৩টি বিষয় থেকে ১টি বিষয়ের উত্তর দিতে হবে। ১৫ × ১ = ১৫<br>(নির্দেশনা : ড্রইংয়ের জন্য ৮ ও রং লেপনের জন্য ৭ নম্বর)<br>৪। বর্ণনামূলক অংশ (চারুকলা থেকে ৩টি ও কারুকলা থেকে ৩টি প্রশ্ন থাকবে) উভয় অংশ থেকে ২টি করে মোট ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫× ৪ = ২০<br>৫। বহুনির্বাচনি অংশ: ১৫টি প্রশ্ন থেকে সবগুলো উত্তর দিতে হবে। ১×১৫=১৫<br>**ব্যাবহারিক (২৫ নম্বর)**<br>১। ছবি আঁকা : ২টি প্রশ্ন থেকে ১টি উত্তর দিতে হবে। ১ × ১০ = ১০<br>(নির্দেশনা : ড্রইংয়ের জন্য ৫ ও রং লেপনের জন্য ৫ নম্বর)<br>২। নকশা আঁকা: ২টি প্রশ্ন থেকে ১টি উত্তর দিতে হবে। ১০<br>(নির্দেশনা : ড্রইংয়ের জন্য ৫ ও রং লেপনের জন্য ৫ নম্বর)<br>৩। মৌখিক ৫ | |
| ১৩ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৫০ | তত্ত্বীয় অংশের জন্য ২৫ নম্বর এবং ব্যাবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br>**তত্ত্বীয় অংশ**<br>• ১৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১ নম্বর। | |

04.02.2025

| | | | | |
|---|---|---|---|---|
| | | | • সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ৮টি থাকবে।<br>✓ ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে<br>✓ প্রতিটি সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর ২।<br>**ব্যাবহারিক অংশ**<br>• যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/ প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/অঙ্কন/ পর্যবেক্ষণ/ শনাক্তকরণ/অনুশীলন: ১৫ নম্বর<br>• প্রতিবেদন প্রণয়ন: ৫ নম্বর<br>• মৌখিক অভীক্ষা: ৫ নম্বর<br>**ব্যাবহারিক অংশের জন্য নির্দেশনা**<br>• শিক্ষাক্রমে বর্ণিত ব্যাবহারিক কাজসমূহ শিক্ষা প্রতিষ্ঠানগুলো সম্পন্ন করবে। প্রয়োজনে শিক্ষাবোর্ড ব্যাবহারিক কাজের একটি তালিকা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করতে পারে।<br>• সম্পন্ন ব্যাবহারিক কাজের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৩টি ব্যাবহারিক কাজের নম্বর গড় করতে হবে।<br>• ব্যাবহারিক কাজের প্রাপ্ত গড় নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষার্থীর নিবন্ধন নম্বর অনুযায়ী সংরক্ষণ করবেন।<br><br>শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডে প্রেরণ করবে। | |
| ১৪ | ক্যারিয়ার শিক্ষা | ৫০ | ধারাবাহিক মূল্যায়ন<br>(কোর্স ওয়ার্কভিত্তিক মূল্যায়ন):<br>• শ্রেণির কাজ<br>• অনুসন্ধানমূলক/ব্যাবহারিক/কাজ/কাজ/প্রজেক্ট/অ্যাসাইনমেন্ট<br>• শ্রেণি অভীক্ষা | |
| ১৫. | • সংগীত | ১০০ | **তত্ত্বীয় অংশ (নম্বর-৩০)**<br>**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন:**<br>৮ (আট) টি প্রশ্ন থাকবে, যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫×২=১০<br>**রচনামূলক-উত্তর প্রশ্ন:**<br>৪ (চার) টি প্রশ্ন থাকবে, যেকোনো ২ টি প্রশ্নের উত্তর দিতে হবে। ২×১০=২০<br>**ব্যাবহারিক অংশ (নম্বর-৭০)**<br>১/ ২**টি খেয়াল পরিবেশন** ১০×২=২০<br>২/ পরিচয়সহ হাতে তালি দিয়ে তাল প্রদর্শন ১০×১=১০<br>৩/ ৪টি বিষয়ভিত্তিক গান পরিবেশন ১০×৪=৪০<br>**বিঃদ্রঃ তত্ত্বীয় ও ব্যাবহারিক পরীক্ষা ভিন্ন ভিন্ন তারিখে অনুষ্ঠিত হবে।** | |
| ১৬. | • আরবি<br>• সংস্কৃত<br>• পালি<br>• বেসিক ট্রেড<br>• *শারীরিক শিক্ষা ও ক্রীড়া (*শুধু বিকেএসপি এর জন্য) | ১০০ | • নম্বর বিভাজন, প্রশ্নপ্রত্র প্রণয়ন ও উত্তর পত্র মূল্যায়নে প্রচলিত নির্দেশনা অনুসরণ করতে হবে। | |

**বি.দ্র.: ২০২৭ সালে অনুষ্ঠেয় এসএসসি ও সমমান পরীক্ষা পূর্ণাঙ্গ পাঠ্যসূচিতে অনুষ্ঠিত হবে।**

04.02.2025

**ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্র ও নম্বর বণ্টন**

| ক্রম | ক্ষেত্র/ কোর্সওয়ার্ক | নম্বর |
|---|---|---|
| ১. | শ্রেণির কাজ | ২০ |
| ২. | অনুসন্ধানমূলক কাজ/ব্যাবহারিক/কাজ/প্রজেক্ট/ অ্যাসাইনমেন্ট | ১০ |
| ৩. | শ্রেণি অভীক্ষা | ২০ |
| | মোট | ৫০ |

❖ **শ্রেণির কাজের অন্তর্ভুক্ত বিষয়সমূহ**

- প্রশ্নের উত্তর লেখা (সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন)
- মৌখিক উপস্থাপনা
- ছবি, চিত্র, সারণি, মানচিত্র, লেখচিত্র আঁকা
- দলগত কাজ, জোড়ায় কাজ
- বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ
- ভূমিকাভিনয়
- ব্যাবহারিক কাজ
- আরবি, সংস্কৃত ও পালি বিষয়ের জন্য শোনা, বলা, পড়া, লেখা, ইত্যাদি।

❖ **অনুসন্ধানমূলক কাজ/ব্যাবহারিক কাজ/প্রজেক্ট/অ্যাসাইনমেন্টের অন্তর্ভুক্ত বিষয়সমূহ**

- শুধু মুখস্থনির্ভর নয় বরং শিক্ষার্থীর চিন্তন দক্ষতা ও সৃজনশীলতার বিকাশ ঘটে এমন হাতে-কলমে কাজ, ব্যাবহারিক কাজ, প্রজেক্ট তৈরি, মডেল তৈরি, অ্যাসাইনমেন্ট ও সীমিত পরিসরে অনুসন্ধানমূলক কাজ ও প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনা প্রভৃতি।

❖ **শ্রেণি অভীক্ষার অন্তর্ভুক্ত বিষয়সমূহ**

- লিখিত ও ব্যাবহারিক কাজ
- লিখিত অংশের প্রশ্ন নির্বাচনধর্মী বা সরবরাহধর্মী-উভয়ই হতে পারে। যেমন-বহুনির্বাচনি প্রশ্ন, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন, প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন, ইত্যাদি।
- শ্রেণি অভীক্ষা শিখন-শেখানো কার্যক্রমেরই একটি অবিচ্ছেদ্য অংশ। শিক্ষার্থীর শিখন অর্জন যাচাই ও শিখন ঘাটতি নিরূপণ করাই এ অভীক্ষার উদ্দেশ্য। শিখন ঘাটতি নিরূপণ করে প্রয়োজনীয় ক্ষেত্রে ফলাবর্তন (Feedback) দেওয়া এবং নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বল্প সময়ে (১০/১৫মিনিট) এ অভীক্ষা নেওয়া হবে। অভীক্ষা নেওয়ার পর সংশ্লিষ্ট বিষয়ের ঐ দিনের নির্ধারিত শিখন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তাই ঘটা করে বা আনুষ্ঠানিকভাবে সময় ও তারিখ নির্ধারণ করে ও শ্রেণি কার্যক্রম বন্ধ রেখে শ্রেণি অভীক্ষার আয়োজন করা যাবে না। **উল্লেখ্য, শিক্ষার্থীদের নিকট থেকে এ উপলক্ষ্যে কোনোভাবেই কোনোরূপ ফি বা অর্থ নেওয়া যাবে না।**

❖ **মূল্যায়ন নির্দেশনা**

ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর রিপোর্ট কার্ডে প্রদর্শন করতে হবে। তবে শিক্ষার্থীর ফলাফল ও গ্রেড নির্ধারণে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর অন্তর্ভুক্ত হবে না।

04.02.2025